

U.G. 1st Semester Examination - 2020

BENGALI

Course Code : BBNGGEHT5

Course Title : প্রাক-আধুনিক বাংলা সাহিত্যের নির্বাচিত পাঠ

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

- ক) 'মন্দির বাহির কঠিন কপাট'— পদটি কোন্ পর্যায়ের পদ?
- খ) 'পদাবলী' শব্দটি প্রথম কোথায় পাওয়া যায়?
- গ) 'সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু'—পদটির পদকর্তার নাম কী?
- ঘ) 'চলইতে শঙ্কিল পঙ্কিল বাট'— 'বাট' কথাটির অর্থ কী?
- ঙ) 'আখোটিক' কথার অর্থ কী?
- চ) ফুল্লরার মায়ের নাম কী?
- ছ) কালকেতু ও ফুল্লরার পূর্বজন্মের নামগুলি লেখো।
- জ) 'কাহার ষোড়শী কন্যা আনিয়াছ ঘরে'— ষোড়শী কন্যাটি আসলে কে?

বা) 'অরণ্যকাণ্ডে'র শুরুতে রাম, লক্ষণ ও সীতা কোথায় অবস্থান করেছিলেন?

এং) রামচন্দ্র, সীতার জন্মবৃত্তান্ত কোথায় শুনেছিলেন?

ট) সীতাহরণকালে সীতার ফেলে দেওয়া অলংকার রামচন্দ্রকে কে দিয়েছিলেন?

ঠ) 'উমা আমার শবাসনা'—প্রাসঙ্গিক পদটির প্রথম চরণটি লেখো।

ড) 'যেও না যেও না নবমী রজনী'— পদটির পদকর্তা কে?

ঢ) 'চৈতন্যরাপিণী কোথা লুকালো'— চৈতন্যরাপিণী বলতে কাকে বোঝানো হয়েছে?

ণ) 'প্রসাদের এই বাণী, হিমগিরি রাজরাণী'— প্রসাদ বলতে কাকে বোঝানো হয়েছে?

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

- ক) 'অভিনব হেম কল্পতরু সঞ্চরু'— পংক্তিটির অর্থ লেখো।
- খ) তোমাদের পাঠ্য অভিসার পর্যায়ের পদটির প্রথম চরণ উল্লেখ করো। পদটির পদকর্তা কে?
- গ) 'খিলভূমে লিখে লাল'— 'খিলভূম' ও 'লাল' শব্দের অর্থ কী?
- ঘ) 'চণ্ডীমঙ্গল' কাব্যটি আর কী কী নামে পরিচিত?
- ঙ) রামায়ণে বর্ণিত রাক্ষস কবন্ধের শারীরিক গঠন কেমন ছিল?
- চ) বাতাপী ও ইন্দ্রলের মৃত্যু কীভাবে হয়েছিল?

ছ) ‘ওহে প্রাণনাথ গিরিবর হে ভয়ে তনু কাঁপিছে আমার’—
তনু কাঁপার কারণ কী?

জ) ‘গিরি গৌরী আমার এসেছিল’— কার লেখা, কোন্ পর্যায়ের
পদ?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক) ‘রূপ লাগি আঁখি বুঝে’—পদটির কাব্যসৌন্দর্য বিচার করো।

খ) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে ফুল্লরার বারোমাস্যার সংকটগুলি সংক্ষেপে
লেখো।

গ) কৃত্তিবাসের রামায়ণের ‘অরণ্যকাণ্ডে’ সীতা হরণের পর
রামচন্দ্রের মানসিক অবস্থার বর্ণনা দাও।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

ক) আগমনী ও বিজয়া কাকে বলে? তোমাদের পাঠ্য আগমনী
ও বিজয়ার পদগুলি অবলম্বনে বাঙালির সামাজিক,
পারিবারিক জীবনের যে চিত্র পাওয়া যায় তার বিবরণ দাও।

খ) তোমাদের পাঠ্যাংশ অবলম্বনে ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের কালকেতু
চরিত্রটির বিশেষত্ব নিয়ে আলোচনা করো।

গ) অভিসার কাকে বলে? তোমাদের পাঠ্য অভিসার পর্যায়ের
পদটিতে যে নাটকীয় পরিমণ্ডল গড়ে উঠেছে তার বর্ণনা
দাও।